গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

**স্মারক নম্বর:** ২৪.০২.০০০০.০০০.০০১.৯৯.০০২৯.২৬.৫৭

তারিখ: ৯ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
২৪ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: **"সান চেরী বডি ফ্যাশন্স এমএফটিওয়াই লিঃ" নামক বস্ত্র শিল্প কারখানার অনুকূলে যান্মাসিক ও বার্ষিক আমদানিস্বত্ব অপরিবর্তিত রেখে 'আমদানি নীতি আদেশ, ২০২৬-২০২৯' অনুযায়ী জারিকৃত শিল্প আইআরসি সনদ এর ০৫ (পাঁচ) বছর মেয়াদে পরবর্তী সুপারিশ প্রদান প্রসংগে।**

সূত্র: কারখানা কর্তৃপক্ষ কর্তৃক ২০/০৯/২০২৬ খ্রিঃ তারিখে দাখিলকৃত আবেদনপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "সান চেরী বডি ফ্যাশন্স এমএফটিওয়াই লিঃ", অফিসঃ বাড়ি নং-৭৪১/২, সড়ক নং-৯, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, ঢাকা ও কারখানাঃ প্লট নং-ই-৪৪, ওয়ার্ড নং-৭, চন্দ্রা, ডাকঘর-কালিয়াকৈর, গাজীপুর নামক স্থানীয় বিনিয়োগে প্রতিষ্ঠিত একটি ১০০% রপ্তানিমুখী বস্ত্র শিল্প প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি বিনিয়োগ বোর্ড কর্তৃক নিবন্ধিত, যার **নিবন্ধন নম্বর এল-৬১০৯০৭০৬০০৯-এইচ**, **তারিখঃ ০৮/০৭/২০০৭ খ্রিঃ** এবং শিল্প উপ-খাত **"তৈরি পোশাক"**। এছাড়া, উক্ত প্রতিষ্ঠানের **আইআরসি নম্বর ২৬০৩২৬১২০০৩৮৩১৯**, **তারিখঃ ১১/১২/২০২৫ খ্রিঃ (নিয়মিত)।**

০২। উক্ত বস্ত্র শিল্প কারখানা কর্তৃপক্ষ কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির লক্ষ্যে কারখানাটির অনুকূলে ইতঃপূর্বে জারিকৃত শিল্প আইআরসি সনদ এর পরবর্তী সুপারিশপত্র প্রদানের জন্য অত্র অধিদপ্তরে আবেদন দাখিল করেন। আবেদনের প্রেক্ষিতে উক্ত বস্ত্র শিল্প প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত প্রয়োজনীয় কাগজপত্রাদি যথাযথভাবে পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনায় প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানিমুখী "তৈরি পোশাক" বস্ত্র শিল্প প্রতিষ্ঠান হিসেবে কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির জন্য যোগ্য বিবেচিত হয়েছে। ফলে, উক্ত বস্ত্র শিল্প কারখানাটির অনুকূলে যান্মাসিক ও বার্ষিক আমদানিস্বত্ব অপরিবর্তিত রেখে **'আমদানি নীতি আদেশ, ২০২৬-২০২৯'** অনুযায়ী **জারিকৃত শিল্প আইআরসি সনদ এর ০৫ (পাঁচ) বছর মেয়াদে পরবর্তী সুপারিশপত্র** প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০৩। উল্লেখ্য, ১০০% রপ্তানিমুখী "তৈরি পোশাক" বস্ত্র শিল্প প্রতিষ্ঠান হিসেবে কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে উক্ত বস্ত্র শিল্প প্রতিষ্ঠানটিকে **'আমদানি নীতি আদেশ, ২০২৬-২০২৯'**-এর সংশ্লিষ্ট সকল বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

**০৪।** এমতাবস্থায়, উপর্যুক্ত বিষয় ও সিদ্ধান্তের আলোকে "সান চেরী বডি ফ্যাশন্স এমএফটিওয়াই লিঃ" নামক বস্ত্র শিল্প কারখানাটি ১০০% রপ্তানিমুখী "তৈরি পোশাক" বস্ত্র শিল্প প্রতিষ্ঠান হওয়ায়, উক্ত প্রতিষ্ঠানটির অনুকূলে কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির লক্ষ্যে **'আমদানি নীতি আদেশ, ২০২৬-২০২৯'-এর অনুচ্ছেদ ২৩-এর (ক) ও (খ)** অনুযায়ী **যান্মাসিক ও বার্ষিক আমদানিস্বত্ব অপরিবর্তিত রেখে জারিকৃত শিল্প আইআরসি সনদ এর ০৫ (পাঁচ) বছর মেয়াদে নির্দেশক্রমে পরবর্তী সুপারিশ প্রদান করা হলো।**

তবে, এ সুপারিশপত্রের মাধ্যমে উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে কোনো প্রকার আইনগত দায়মুক্তি প্রদান করা হলো না। প্রতিষ্ঠানটিকে প্রচলিত আইন, বিধি-বিধান, 'আমদানি নীতি আদেশ, ২০২৬-২০২৯' এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক জারিকৃত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করতে হবে। এ বিষয়ে কোনো ব্যত্যয় ঘটলে তার দায়-দায়িত্ব সম্পূর্ণরূপে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের ওপর বর্তাবে।

২৪-০৯-২০২৬
মৃত্যুঞ্জয় কুমার মহন্ত
সহকারি পরিচালক (কারিগরি )

প্রধান নিয়ন্ত্রক (অতিরিক্ত সচিব)
প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

**স্মারক নম্বর:** ২৪.০২.০০০০.০০০.০০১.৯৯.০০২৯.২৬.৫৭/১ (৬)

তারিখ: ৯ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
২৪ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব), নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), বিপ্লব টাওয়ার, প্লট নং–২, গরীব-ই-নেওয়াজ এভিনিউ, সেক্টর-১৩, উত্তরা, ঢাকা-১২২৯।, .।
৩। ব্যবস্থাপনা পরিচালক, "সান চেরী বডি ফ্যাশন্স এমএফটিওয়াই লিঃ" অফিসঃ বাড়ী নং-৭৪১/২, সড়ক-৯, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, ঢাকা ও কারখানাঃ প্লট নং-ই-৪৪, ওয়ার্ড-৭, চন্দ্রা, ডাকঘর-কালিয়াকৈর, গাজীপুর, .।
৪। ওয়ান স্টপ সার্ভিস, বস্ত্র অধিদপ্তর, ঢাকা, .।
৫। এসিস্টেন্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর।
৬। অফিস কপি, .।

২৪-০৯-২০২৬
মৃত্যুঞ্জয় কুমার মহন্ত
সহকারি পরিচালক (কারিগরি )